ঝিনাইদহে নাসীরুদ্দীন পাটওয়ারীর ওপর হামলার অভিযোগ



নাসীরুদ্দীন পাটওয়ারী। ছবি: সংগৃহীত

ঝিনাইদহে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সংগঠক -এর ওপর হামলার অভিযোগ উঠেছে। শুক্রবার জুমার নামাজ শেষে শহরের পুরাতন ডিসি কোর্ট এলাকায় এ ঘটনা ঘটে।

দলীয় সূত্র জানায়, বিভিন্ন রাজনৈতিক দলের নেতাকর্মীদের এনসিপিতে যোগদান কর্মসূচিতে অংশ নিতে ঝিনাইদহে যান তিনি। জুমার আগে শহরে পৌঁছে জেলা কালেক্টর মসজিদে নামাজ আদায় করেন নাসীরুদ্দীন পাটওয়ারী।

নামাজ শেষে মসজিদ এলাকা থেকে বের হওয়ার পর হঠাৎ তার ওপর হামলা চালানো হয় বলে অভিযোগ ওঠে। ঘটনার পর নেতাকর্মীদের সঙ্গে নিয়ে তিনি থানায় অবস্থান নেন। এ ঘটনায় এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে।

তবে কারা এ হামলার সঙ্গে জড়িত, সে বিষয়ে এখনো বিস্তারিত তথ্য জানা যায়নি।

বিস্তারিত আসছে.....

LENS ASIA